গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৪ শাখা

বিষয়: 'পাবনা জেলার বেড়া উপজেলার মুন্সিগঞ্জ হতে খানপুরা এবং কাজিরহাট হতে রাজধরদিয়া পর্যন্ত যমুনা নদীর ডানতীর সংরক্ষণ' শীর্ষক প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	০৫ জুন ২০২২ খ্রিঃ
সভার সময়	বেলা ১.৩০ ঘটিকা
স্থান	পানি ভবনের সম্মেলন কক্ষ, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর প্রকল্প পরিচালককে প্রকল্পের সার্বিক বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হলে তিনি সভাকে প্রকল্পের পরিচিতি ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত করেন। তিনি জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৩৩১০.৩৫ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি ২০২০ হতে জুন ২০২২ পর্যন্ত। অত:পর আলোচ্যসূচি অনুসারে বিভিন্ন বিষয় উপস্থাপন, আলোচনা ও নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

<table>
<tr>
<td>১.</td>
<td>
ক. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:
প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের বাস্তব অগ্রগতি ২৮.৪৯ % এবং আর্থিক অগ্রগতি ৭.২২ %। এছাড়াও প্রকল্পের ৩১/০৫/২০২২ তারিখ পর্যন্ত খাতভিত্তিক ব্যয় ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।
খ. ত্রৈমাসিক কর্মপরিকল্পনা (Quarterly Work Plan) পর্যালোচনা:
নদীতীর প্রতিরক্ষা কাজ, নদীতীর প্রতিরক্ষা কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্বাসন এবং বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পূণরাকৃতিকরণ কাজ ১.২০% লক্ষ্যমাত্রা ধরা ছিল।
গ. কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি:
কর্মপরিকল্পনা অনুযায়ী অর্জন ৭.৯৬ %
ঘ. চলতি অর্থবছরে ADP বরাদ্দ অগ্রগতি:
<table>
<tr><th>খাতের নাম</th><th>বাস্তব</th><th>আর্থিক</th></tr>
<tr><td>নদীতীর প্রতিরক্ষা কাজ</td><td>২৯.৪৯%</td><td>৮.৫০%</td></tr>
<tr><td>নদীতীর প্রতিরক্ষা কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্বাসন/ মেরামত</td><td>১৬.৭০%</td><td>০.০০%</td></tr>
<tr><td>বন্যা নিয়ন্ত্রণ বাঁধ কাম রাস্তা মেরামত/সংস্কার কাজ</td><td>১০.৮০%</td><td>৯.২৩%</td></tr>
<tr><td>সমগ্র প্রকল্প</td><td>২৮.৪০%</td><td>৮.০৪%</td></tr>
</table>
প্রকল্পটির মেয়াদ জুন, ২০২২ এ শেষ হবে। সেই পরিপ্রেক্ষিতে যথাসময়ে প্রকল্প সমাপ্তির জন্য ত্রৈমাসিক কর্মপরিকল্পনা গৃহীত হয়নি। ফলে প্রকল্পের অগ্রগতি হতাশাব্যঞ্জক। বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।
</td>
<td>ক. প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।

খ. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পাদনের লক্ষ্যে সঠিকভাবে কর্ম পরিকল্পনা করতে হবে।

গ. কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

ঘ. প্রকল্পের মেয়াদের প্রেক্ষিতে বার্ষিক ও ত্রৈমাসিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।</td>
<td>প্রকল্প পরিচালক/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড</td>
</tr>
<tr>
<td>২.</td>
<td>
পূর্ববর্তী সভার সিদ্ধান্ত প্রতিপালন:
ক. প্রকল্পের অগ্রগতি কম হওয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে সতর্কতা মূলক পত্র প্রেরণ করা হয়েছে। সতর্কীকরণ ও তদপরবর্তী গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করা হয়নি।
খ. মোবিলাইজেশন সম্পন্ন করে কাজ বাস্তবায়ন করা হচ্ছে। ১০০ % বাস্তবায়িত হয়েছে।
গ.এডিপিতে ৩০.০০ কোটি এবং আরএডিপিতে ৫০.০০ কোটি টাকা বরাদ্দ চাওয়া হয়েছিল। আরএডিপিতে বরাদ্দ পাওয়া যায়নি।
</td>
<td>(ক) সতর্কতামূলক পত্রের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
(খ) বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
(গ) বরাদ্দ প্রদানের ব্যবস্থা নিতে হবে।</td>
<td>প্রকল্প পরিচালক/ বাপাউবো এবং পানি সম্পদ মন্ত্রণালয়</td>
</tr>
<tr>
<td>৩.</td>
<td>
বৃক্ষরোপণ ও বনায়ন অগ্রগতি:
৯৪১টি গাছ রোপনের সংস্থান রয়েছে। আসন্ন বর্ষা মৌসুমে গাছগুলি রোপন করা হবে।
</td>
<td>বর্ষা মৌসুমে গাছ রোপন করে মন্ত্রণালয়য়কে অবহিত করতে হবে।</td>
<td>প্রকল্প পরিচালক</td>
</tr>
<tr>
<td>৪.</td>
<td>
প্রকল্পের সমস্যা ও সমাধান:
<table>
<tr><th>সমস্যা</th><th>সমাধান প্রস্তাব</th></tr>
<tr><td>চাহিদার বিপরীতে বরাদ্দ কম।</td><td>অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন</td></tr>
<tr><td>বাস্তবতার প্রেক্ষিতে কাজ সমাপ্ত করনের জন্য সময় প্রয়োজন।</td><td>মেয়াদ বৃদ্ধির প্রয়োজন।</td></tr>
<tr><td>প্রকল্পের মেয়াদ বৃদির প্রয়োজন।</td><td>বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্প সংশোধন।</td></tr>
</table>
</td>
<td>ক. ডিপিপি সংশোধন ও মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
খ বরাদ্দ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>প্রকল্প পরিচালক/ বাপাউবে এবং পানি সম্পদ মন্ত্রণালয়।</td>
</tr>
</table>

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৭.১৪.০০৭.২০.১০৩

তারিখ: ২ আষাঢ় ১৪২৯
১৬ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১২) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।
১৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৮) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) উপসচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা।
২২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২৩) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “পাবনা জেলার বেড়া উপজেলার মুন্সিগঞ্জ হতে খানপুরা এবং কাজিরহাট হতে রাজধরদিয়া পর্যন্ত যমুনা নদীর ডানতীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা।
২৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৫) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৬) উপবিভাগীয় প্রকৌশলী, বেড়া পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা।

মোহাম্মদ মাশহুদুল কবীর
উপসচিব